

সিতাংশু সরকার

প্রধান বিজ্ঞানী, কেন্দ্রীয় পাট ও সহজাত
তত্ত্ব গবেষণা সংস্থা, নীলগঞ্জ,
বারাকপুর, কলকাতা- ৭০০১২০

বাপ ঠাকুরদার আমল থেকেই
করছি পাট চাষ,
ফলন যা পাইরে ভাই
মেটে না মনের আশ।

তাই ভাবছি এবার কিন্তু
নতুন পথে হাঁটবো,
নতুন প্রযুক্তি গ্রহণ করে
পাটের জন্য খাটবো।

কী আছে সেই নব প্রযুক্তি
যাতে ফলন বাড়বে,
আমার জমির পাট দেখে
সবার নজর কাড়বে।

সেই কথাই বলছি এবার
মন দিয়ে শোনো,
হাতে নাতে ফল পাবে
দ্বিমত নেই কোনো।

পুরানো জাত ভুলে গিয়ে
নতুন জাত চাই,
কয়েকটি নাম করতে হলে
সুরেন সৌরভ পাই।

জলদি লাগাও পরে লাগাও
ভালোই ফলন দেবে,
রোদ বৃষ্টি রোগ পোকাকে
সহ্য করে নেবে।

এবার বীজের শোধন
অবশ্য করা চাই,
কার্বেন্ডাজিম বা ক্যাপটান দিতে
ভুলবে না তো ভাই।



ছিটিয়ে বোনা অনেক হলো
লাইন করা চাই,
সিডড্রিল দিয়ে লাগালো পাট
সোজা লাইন পাই।

সারের কথা এবার শোনো
জমি উনিশ বিশ,
কম-উর্বর সেচ আছে যার
আশি-চল্লিশ-চল্লিশ।

জমি উর্বর সেচ যে নাই
এ অবস্থায় বলিস,
নাইট্রোজেন ফসফেট পটাশ দেবে
ষাট ত্রিশ ত্রিশ।

কিন্তু মনে রাখতে হবে
মাটি পরীক্ষা চাই,
পরীক্ষার ফল যাচাই করে
সার প্রয়োগ তাই।

মাটি মোদের এমন খাঁটি
মাটি মোদের মা,
মায়ের স্বাস্থ্য মনে রেখে
চাষ করে যা।

পাটের আগাছা বিষম জ্বালা
ফলন কমায় খুব,
আগাছা নিয়ন্ত্রণ করতে হবেই

থাকবে নাতো চুপ।

ঘাস জাতীয় আর চওড়া পাতা
থাকে যদি বাপ,
বিউটাক্লোর দিয়ে দিলে
আগাছা হবে সাফ।

কিন্তু মনে রাখতে হবে
শর্ত আছে কিছু,
পুরোপুরি বুঝলে তবেই
নেবে এর পিছু।

শুধু যদি ঘাসই থাকে
তাও দমন চাই,
কুইজালোফপ ইথাইল দিলে
ঘাস মরবে ভাই।

পাটের পোকা পাটের রোগ
হতেই পারে তাই,
সে সব বালাই নিয়ন্ত্রণে
নজর দেওয়া চাই।

হলুদ মাকড় হলে পরে
ফেনাজাকুইন দিও,
কান্ড ছিদ্রকারী হলে কিন্তু
বেছে কার্বোফুরান নিও।

বিছা পোকা ঘোড়া পোকা

এমন অনেক পোকা,
দমন না করলে তুমি
খেতে পারো ধোকা।

পোকার মতো রোগও আছে
পাটের জমির কাছে,
কান্ড পচা গোড়া পচা
নিয়ন্ত্রণে পাট বাঁচে।

কতদিনে কাটবে পাট
ভেবেছো কি মনে,
ফলন ভালো, গুণও ভালো
একশো কুড়ি দিনে।

পাট তো তুমি কাটলে বেশ
পচাবে কেমন করে,
কলার কান্ড মাটির চাঁইয়ে
শ্যামলা রং ধরে।

নতুন আশা ক্রাইজাফ সোনা
আপন করে নিও,
সোনালী আঁশ কম দিনেই
বাজারে নিয়ে যেও।

পকেট ভরে আনবে টাকা
খুশি হবে মন,
পাট চাষির ঘরে ঘরে
আসুক সেই শুভক্ষণ।